

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট(এনআইএলজি)

কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

২৯ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা (৫বছরের Strategic Plan)

সময়সীমা: ২০২৬-২০৩০

১.১ উদ্দেশ্য

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিকল্পনা প্রণয়নে সহযোগিতা, বাস্তবায়িত প্রকল্প মূল্যায়ন, প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন এবং তথ্যভিত্তিক মূল্যায়ন ব্যবস্থা গতিশীল করা।

১.২ কৌশলগত উদ্দেশ্য

ক. স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের পরিকল্পনা প্রণয়ন ও কর্মসূচি গ্রহণে সহযোগিতা

- ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনের বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা নির্দেশিকা তৈরি;
- অংশগ্রহণমূলক পরিকল্পনা পদ্ধতি (Participatory Planning) বাস্তবায়নে তথ্য সহায়তা প্রদান;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বাস্তবায়িত প্রকল্প মূল্যায়ন।

খ. প্রশিক্ষণ মূল্যায়ন ব্যবস্থার আধুনিকায়ন: বিদ্যমান মূল্যায়ন পদ্ধতি যুগোপযোগি করা—

- প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন;
- প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন;
- মডিউল ভিত্তিক মূল্যায়ন;
- আলোচক মূল্যায়ন;
- কোর্স মূল্যায়ন;
- প্রশিক্ষণার্থীদের প্রতিক্রিয়া বিশ্লেষণ;
- মাঠ পর্যায়ে প্রশিক্ষণের প্রভাব মূল্যায়ন;
- প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রশিক্ষণকালীন প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা মূল্যায়ন।

গ. প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন: নিয়মিতভাবে নিম্নোক্ত প্রতিবেদন সমূহ প্রস্তুত করা—

- কোর্সভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন;
- অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন;
- বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন;
- প্রশিক্ষণের প্রভাব মূল্যায়ন প্রতিবেদন।

ঘ. স্থানীয় সরকার বিষয়ক তথ্য সংগ্রহ ও নীতি সংলাপ (Policy Dialogue) আয়োজন

- নীতি সংলাপ আয়োজন;
- স্থানীয় সরকার বিষয়ক তথ্যভান্ডার তৈরি।

৬. স্থানীয় সরকার প্রতিষ্ঠানে ডিজিটাল পদ্ধতির উন্নয়ন

- ডিজিটাল সেন্টারের কার্যক্রম মূল্যায়ন;
- নতুন ডিজিটাল সেবা শনাক্ত ও সম্প্রসারণ।

৭. আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি

- আন্তর্জাতিক সংস্থার সাথে বিভিন্ন কর্মসূচি গ্রহণ;
- উন্নয়ন সহযোগীদের সাথে প্রকল্প বাস্তবায়ন।

২. পঞ্চবার্ষিক পরিকল্পনা

স্বল্পমেয়াদি কার্যক্রমসমূহ (১-২ বছর)

- প্রশিক্ষণ মূল্যায়নের Standard Framework তৈরি;
- প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়নের জন্য প্রশ্ন ব্যাংক তৈরি;
- প্রশিক্ষণ মূল্যায়নের ডিজিটাল পদ্ধতি চালু;
- অর্ধবার্ষিক ও বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন নিয়মিত প্রকাশ।

মধ্যমেয়াদি কার্যক্রমসমূহ (৩-৪ বছর)

- Training Impact Evaluation System আধুনিকায়ন;
- Local Government Performance Indicator তৈরি;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নে সহায়তা কর্মসূচি চালু।

দীর্ঘমেয়াদি কার্যক্রমসমূহ (৫ বছর)

- Local Governance Documentation, Monitoring & Evaluation Centre প্রতিষ্ঠা;
- জাতীয় পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মক্ষমতা মূল্যায়ন সূচক চালু।

১.৪ বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি এর নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন সরকারের অন্যতম কাজ বিধায় এর মূল ধারণা বনাম এনআইএলজি এর কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের সম্ভাব্য কার্যক্রম- Policy Matrix

বিএনপি এর নির্বাচনী ইশতেহার এর মূল ধারণা	এনআইএলজি এর কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের সম্ভাব্য কার্যক্রম
স্থানীয় সরকার শক্তিশালীকরণ	স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মক্ষমতা মূল্যায়ন ব্যবস্থা তৈরি
প্রশাসনে জবাবদিহিতা বৃদ্ধি	প্রকল্প বাস্তবায়ন ও প্রশিক্ষণ কার্যক্রমের নিয়মিত মূল্যায়ন
বিকেন্দ্রীকরণ	স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে সহায়তা
সুশাসন প্রতিষ্ঠা	Monitoring & Evaluation Framework চালু
ডিজিটাল প্রশাসন	ডিজিটাল সেন্টারের কার্যক্রম মূল্যায়ন
দক্ষ জনপ্রতিনিধি তৈরি	জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন
তথ্যভিত্তিক নীতি প্রণয়ন	তথ্য সংগ্রহ ও কর্মসূচি প্রণয়ন
নাগরিক সেবা উন্নয়ন	স্থানীয় সরকার সেবা মূল্যায়ন জরিপ
প্রশাসনিক সংস্কার	প্রশিক্ষণ কার্যক্রমের মান উন্নয়ন
আন্তর্জাতিক সহযোগিতা	আন্তর্জাতিক সংস্থার সাথে যৌথ প্রকল্প বাস্তবায়ন